

চাঁদ-মুকুরঃ  
চাঁদ হেরিছে চাঁদ-মুখ তার

কাজী নজরুল ইসলাম  
হুগলি, ফাল্গুন, ১৩৩১

চাঁদ হেরিছে চাঁদ-মুখ তার সরসীর আরশীতে ।  
ছুটে তরঙ্গ বাসনা-ভঙ্গ সে অঙ্গ পরশিতে ॥

হেরিছে রজনী রজনী জাগিয়া  
চকোর উতলা চাঁদের লাগিয়া,  
কাহাঁ পিউ কাহাঁ ডাকিছে পাপিয়া  
কুমুদীরে কাঁদাইতে ॥

না জানি সজনী কত সে রজনী কেঁদেছে চকোরী পাপিয়া,  
হেরেছে শশীরে সরসী-মুকুরে ভীরু ছায়া-তরু কাঁপিয়া ।

কেঁদেছে আকাশে চাঁদের ঘরনী  
চির-বিরহিনী রোহিনী ভরনী,  
অবশ আকাশ বিবশা ধরনী  
কাঁদানিয়া চাঁদিনীতে ॥

সৌজন্যঃ নজরুল রচনাবলী, ১ম খন্ড, ঢাকা একাডেমী, বাংলাদেশ, ১৯৯৬, পৃঃ ১৯৮-১৯৯ ।

[Home](#)